

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা-১০০০।

ডিএফআইএম সার্কুলার নং-১৩

তারিখঃ ৩০ নভেম্বর ২০১৫  
১৬ অগ্রহায়ণ ১৪২২

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানের পরিচালকদের প্রদেয় সম্মানী ও ভ্রমণ খরচ পুনর্ভরণ (Reimbursement) প্রসঙ্গে

আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ, নির্বাহী কমিটি এবং নিরীক্ষা কমিটির সভায় উপস্থিতির জন্য পরিচালকগণ বাংলাদেশ ব্যাংকের ডিএফআইএম সার্কুলার নং-০৩, তারিখ ২৪ ফেব্রুয়ারী ২০১০ এ বর্ণিত হারে সম্মানী পেয়ে থাকেন। এখন থেকে বর্ণিত সভা/সভাসমূহে উপস্থিতির জন্য পরিচালকদের প্রদেয় সম্মানী, ভ্রমণ খরচ ও হোটেলে অবস্থানজনিত ব্যয় পরিশোধে আর্থিক প্রতিষ্ঠানসমূহকে নিম্নরূপ নির্দেশনা পরিপালন করতে হবে :

- ১। আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ, নির্বাহী কমিটি ও অডিট কমিটির সভাগুলো প্রধান কার্যালয়/প্রধান কার্যালয়স্থ শহরে অনুষ্ঠিত হবে। তবে, বিশেষ প্রয়োজনে বাংলাদেশ ব্যাংকের পূর্বনুমোদন সাপেক্ষে প্রধান কার্যালয়স্থ শহরের বাইরে কোন সুবিধাজনক স্থানে সভা অনুষ্ঠান করা যেতে পারে;
- ২। আর্থিক প্রতিষ্ঠানের উল্লিখিত সভাসমূহে উপস্থিতির জন্য পরিচালকদের প্রদেয় সম্মানীর উর্ধ্বসীমা হবে ৮,০০০/- (আট হাজার) টাকা। আর্থিক প্রতিষ্ঠানের পর্ষদ ও অন্যান্য কমিটির সভা সীমিত সংখ্যক রাখা বাঞ্ছনীয় হবে। প্রতি মাসে পরিচালকগণ সর্বোচ্চ ০২(দুই)টি পর্ষদ সভা, ০২(দুই)টি নির্বাহী কমিটি সভা ও ০১(এক)টি অডিট কমিটি সভায় উপস্থিতির জন্য সম্মানী প্রাপ্য হবেন;
- ৩। আর্থিক প্রতিষ্ঠানের উল্লিখিত প্রতিটি সভায় অংশগ্রহণার্থে দেশের অভ্যন্তরে ভিন্ন কোন স্থান থেকে সভাস্থলে আসা-যাওয়ার জন্য পরিচালকগণ সর্বোচ্চ ০২(দুই) দিনের হোটেল বিল ও ভ্রমণ ভাতা প্রাপ্য হবেন;
- ৪। যদি কোন বিদেশী নাগরিক আর্থিক প্রতিষ্ঠানের পরিচালকের দায়িত্ব পালন করেন (অনিবাসী বাংলাদেশী কিংবা দ্বৈত নাগরিক নন) তবে তিনি উল্লিখিত প্রতিটি সভায় অংশগ্রহণের জন্য সর্বোচ্চ ০৩(তিন) দিনের হোটেল বিল ও বিমানে আসা-যাওয়ার ভাড়া প্রাপ্য হবেন;
- ৫। অনিবাসী বাংলাদেশী পরিচালকগণ আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের প্রতিটি সভায় উপস্থিতির জন্য সর্বোচ্চ ০৩(তিন) দিনের হোটেল বিল ও বিমানে আসা-যাওয়ার ভাড়া প্রাপ্য হবেন। বার্ষিক সর্বোচ্চ ০৪ (চার)টি সভায় অংশগ্রহণের জন্য তাঁরা এরূপ সুবিধা প্রাপ্য হবেন;
- ৬। সকল পরিচালককে ভ্রমণ খরচ ও হোটেলে অবস্থানের সমর্থনে প্রকৃত খরচের রসিদ (যেমন-ভ্রমণ টিকেট, হোটেলে অবস্থানের বিল পরিশোধের রসিদ/ভাউচার ইত্যাদি) দাখিল করতে হবে এবং দাখিলকৃত প্রমাণাদি আর্থিক প্রতিষ্ঠান সংরক্ষণ করবে।

এ সার্কুলারের নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে। এ সার্কুলার কার্যকর হওয়ার পর থেকে এফআইডি সার্কুলার নং-১১, তারিখ ০৫ ডিসেম্বর ১৯৯৯, এফআইডি সার্কুলার নং-০৫, তারিখ ০৯ মে ২০০১, এফআইডি সার্কুলার নং-০৪, তারিখ ২৮ মে ২০০৬ এবং ডিএফআইএম সার্কুলার নং-০৩, তারিখ ২৪ ফেব্রুয়ারী ২০১০ বাতিল বলে গণ্য হবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশ জারি করা হ'ল।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ শাহ আলম)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০১৭৮